# লড়াইয়ের কথা

— দেবস্মিতা সামন্ত

জীবন মানে লড়াই নয়
লড়াই চালিয়ে বাঁচা,
জীবন মানে ভয় শুধু
বন্দির সেই খাঁচা।
মন্দির, মসজিদ গির্জা দ্বারে
জ্বলতে থাকা আলো–
জীবন তোমার মন্দ হলেও
আমার কাছে ভালো।
পুকুর ধারে গজিয়ে ওঠা
গিমে শাকের শোভা
সবুজ হ'য়ে জাগায় মনে
সন্ধ্যাতারার সুপ্ত প্রভা।
অগ্নি শিখার রক্ত মাখা
প্রতিবাদের তীব্র লেখা
যুক্তিতর্ক, বাক্যযুদ্ধ শেষে
থাকল কেবল
গাঢ় রেখা অবসাদে ঢাকা।